



‘জাতির জনক ও বাংলাদেশ’ শিরোনামে শিশু চিত্রাঙ্কন প্রতিযোগিতা অনুষ্ঠিত



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান -এর ৪৮ তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস-২০২৩ উপলক্ষে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে ১৫ আগস্ট-২০২৩, মঙ্গলবার একাডেমিক ভবনের নিচতলায় জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংস্কৃতিক কেন্দ্রের উদ্যোগে “জাগো সত্যের শুভ্র আলোয় জাগো হে মিলিত প্রাণ” স্লোগানকে সামনে রেখে পুরান ঢাকার স্কুলের শিক্ষার্থীদের অংশগ্রহণে ‘জাতির জনক ও বাংলাদেশ’ শিরোনামে শিশু চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়।

এসময় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক, ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, বিভিন্ন অনুষদের ডিন, ইনস্টিটিউটের পরিচালক, প্রভোস্ট, বিভাগীয় চেয়ারম্যানবৃন্দ, শিক্ষক-শিক্ষিকা, প্রক্টর, ছাত্র-ছাত্রী, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদক, নীল দল, কর্মকর্তা, জগন্নাথ বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সভাপতি ও সাধারণ সম্পাদক, সাংবাদিক প্রতিনিধি ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।